

ভাৰতীয় কাগজ

তারিখ ... ..  
পৃষ্ঠা ৩৩ - কলাম ... ৬

NOV. 04 1948

## বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি, চট্টগ্রামে নতুন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান

চট্টগ্রাম অফিস : বেগম গুল চেমন আরা ট্রাস্ট ইউনিভার্সিটির পরিচালক এক প্রজ্ঞাপন সেমিনারে বক্তারা বলেছেন, বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটির এই অঞ্চলে একটি ভিন্নতর দৃষ্টিভঙ্গিতে নিজেদের প্রতিষ্ঠিত করে উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিরাজমান বক্ষাত্ব কাটাতে বলে আশা করা যায়।

ইউনিভার্সিটির ডাইরেক্টর ডাঃ চন্দ্রশেখর বিচারপতি হাবিবুর রহমান খানের সভাপতিত্বে সেমিনারে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি অধ্যাপিকা ডাঃ সৈয়দা নূরজাহান জুইয়া, বিবিএ ফ্যাকাল্টির ডিন অধ্যাপক অতিথি গাঙ্গুলি, কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজির ডিন অধ্যাপক পি.এস. শ্রোভার, সিক্রিটেরী সন্দস্য প্রফেসর ডাঃ এম এ কাদেরী, বিআইটির পরিচালক ইঞ্জিনিয়ার মোজাম্মেল হক, জার্সিটির রেজিস্ট্রার ইনচার্জ ডাঃ আ ম ম মিনহাজুর রহমান প্রমুখ। সেমিনারে গবেষণাসমিতি উদ্বোধন করেন দৈনিক আজাদী সম্পাদক অধ্যাপক মোহাম্মদ খালেদ।

সেমিনারে বলা হয়, আগামী ২ মাস নাগাদ তথ্য প্রযুক্তি বিষয়ক নতুন কোর্স চালু হবে যাতে বিজ্ঞান বিভাগের ছাত্র ছাড়াও মানবিক, বাণিজ্য বিভাগের ছাত্ররা অংশ নিতে পারবে। এ ছাড়া সহসাই বিভিন্ন সার্টিফিকেট কোর্স, মাস্টার্স ও পিএইচডি প্রোগ্রাম চালু করা হবে।

চট্টগ্রাম শহর থেকে ৩১২ কি.মি. দূরে কক্সবাজার মহাসড়কের পাশে প্রাকৃতিক পরিবেশসমৃদ্ধ ৫০ একর জমির ওপর বেগম গুল চেমন আরা ট্রাস্ট পরিচালিত এই বিশ্ববিদ্যালয়ের কাজ নির্দিষ্ট সময়ে সম্পন্ন করার লক্ষ্যে মাস্টার প্র্যান বস্তবায়নের কাজ দ্রুত এগিয়ে চলছে।

গত শনিবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে সাংবাদিকদের এক অনানুষ্ঠানিক সাক্ষাতে বলা হয়, ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন অনুমোদিত 'ব্যাচেলর অফ মেডিসিন এন্ড ব্যাচেলর অফ সার্জারি (এমবিবিএস), ব্যাচেলর অফ বিজনেস এডমিনিস্ট্রেশন (বিবিএ), ব্যাচেলর অফ কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজি এই ৩টি বিষয়ে প্রাথমিক পর্যায়ে কাজ শুরু হবে। ইউনিভার্সিটি এমবিবিএস (৫ বছর) ৪ লাখ ৬৩ হাজার, বিবিএ (৪ বছর) ১ লাখ ৭৫ হাজার ও বিসিএস এন্ড আইটি কোর্সের জন্য ২ লাখ ৫৫ হাজার টাকা ধার্য করা হয়েছে। তবে গরিব ও মেধাবী ছাত্রদের ক্ষেত্রে বিবেচনার ব্যবস্থা রয়েছে বলে জানানো হয়। নগরীর নাসিরাবাদস্থ বিশ্ববিদ্যালয়ের পিয়াজো অফিস লালকুঠিতে অনুষ্ঠিত এই সাক্ষাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিচারপতি হাবিবুর রহমান খান ছাড়াও কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি ফ্যাকাল্টির ডিন, ভারতের তথ্য প্রযুক্তিবিদ প্রফেসর ড. শ্রীভদ্র সিং শ্রোভার, প্রোভিসি ও চট্টগ্রাম মেডিকেল কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর ড. সৈয়দ নূরজাহান জুইয়া, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ডাঃ এ এম এম মিনহাজুর রহমান প্রমুখ।